



তারিখ 17 OCT 1986 ...
পৃষ্ঠা ... কলাম ...



প্রেসিডেন্ট এরশাদ গতকাল বঙ্গভবনে নির্বাচনোত্তর এক জনাকীর্ণ সংবাদিক সম্মেলনে ভাষণ দেন

প্রেসিডেন্ট নির্বাচনে এরশাদ বিপুল ভোটে বিজয়ী

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ গত বুধবার অনুষ্ঠিত নির্বাচনে বিপুল ভোটে নির্বাচিত হয়েছেন। গতকাল ঘোষিত চূড়ান্ত বেসরকারী ফলাফলে প্রেসিডেন্ট এরশাদ ২ কোটি ১৭ লাখ ১৭ হাজার ৭শ' ৭৪ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী খেলাফত আন্দোলনের

প্রথম পৃষ্ঠার পর ৯০ হাজার ১শ' ২৬টি। সারা দেশে নির্বাচন কমিশন ভোট গ্রহণ ও গণনার জন্য ২ লাখ ৯৩ হাজার ৮শ' ৪৪ জন প্রিসাইডিং অফিসার, সহকারী প্রিসাইডিং অফিসার ও পোলিং অফিসার নিয়োগ করেন।

মাওলানা মোহাম্মদ উল্লাহ হাফেজ্জী হজুর পেয়েছেন ১৪ লাখ ৭৮ হাজার ৯শ' ৩০ ভোট। আগস্ট বিপ্লবের আদর্শ বাস্তবায়ন পরিষদের প্রার্থী লেঃ কর্ণেল (অবঃ) সৈয়দ ফারুক রহমান ১১ লাখ ৭৩ হাজার ৭শ' ২৩ ভোট পেয়ে তৃতীয় স্থানে রয়েছেন।

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ সর্বমোট প্রদত্ত ২ কোটি ৫৪ লাখ ৭১ হাজার ৬শ' ৬৬ ভোটের শতকরা ৮৪ দশমিক ২৮ শতাংশ ভোট পেয়ে বিপুল বিজয় লাভ করেন। তাঁর অপর ১১ জন প্রতিদ্বন্দ্বী

প্রেসিডেন্ট এরশাদের প্রাপ্ত বিপুল ভোটের তুলনায় নগণ্য সংখ্যক ভোটই পেয়েছেন।

গত বুধবারের নির্বাচনে সারা দেশে ভোটারের সংখ্যা ছিল ৪ কোটি ৭৯ লাখ ১২ হাজার ৪শ' ৪৩ জন, এর মধ্যে পুরুষ ভোটার ছিল ২ কোটি ৫২ লাখ ৪৯ হাজার ৩শ' ৫২ এবং মহিলা ভোটার ২ কোটি ২৬ লাখ ৬৩ হাজার ৯১ জন। খবর বাসস'র।

দেশের ৬৪টি জেলায় মোট ভোট কেন্দ্রের সংখ্যা ছিল ২৩ হাজার ৪শ' ৬৬টি এবং পোলিং বুথের সংখ্যা ছিল

গত বুধবার অনুষ্ঠিত নির্বাচনে প্রার্থীদের প্রাপ্ত চূড়ান্ত ভোট সংখ্যা নিম্নরূপঃ

১। হুসেইন মুহম্মদ এরশাদ	২,১৭,১৭,৭৭৪
২। মোহাম্মদ উল্লাহ হাফেজ্জী হজুর	১৪,৭৮,৯৩০
৩। লেঃ কর্ণেল (অবঃ) সৈয়দ ফারুক রহমান	১১,৭৩,৭২৩
৪। মোঃ জহীর খান	৪,১৮,৭৪৪
৫। স্কোয়াড্রন লীডার (অবঃ) মোয়াজ্জেম হোসেন চৌধুরী	১,৫৬,৩২৮
৬। অলিউল ইসলাম চৌধুরী (সক্ মিয়া)	১,৩৪,২১১
৭। আলহাজ মাওলানা খায়রুল ইসলাম যশোরী	৩,৫০,৩৯১
৮। মোঃ খলিলুর রহমান মজুমদার	১,২৩,৪১৭
৯। মোঃ আনসার আলী	১,১৬,৯২০
১০। মোঃ আবদুস সামাদ	১,১৪,১১৬
১১। আলহাজ মেজর (অবঃ) মোঃ আফসার উদ্দিন	১,১১,৫৪২
১২। সৈয়দ মুনিকুল হুদা চৌধুরী	১,০৮,৫০৯